



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

অফিস আদেশ

সূত্র: ২/২২/১১১/ ৬২৭

তারিখ: ১৭-০৪-২০২৩

সকল বিভাগ প্রধান, প্রধান কার্যালয়  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

**বিষয়: উদ্ভাবনী ধারণা- AVUB Archival System এর পাইলটিং প্রসংগে।**

প্রিয় মহোদয়,

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম সূচক ১.১ এ বর্ণিত “সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন” এর লক্ষ্যে উদ্ভাবনী ধারণা আহ্বানের বিপরীতে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত ধারণাসমূহের উপর বিশদ আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে অত্র ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক দু’টি উদ্ভাবনী ধারণা ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে। তন্মধ্যে একটি উদ্ভাবনী ধারণা- AVUB Archival System।

২। আগামী ০৪-০৫-২০২৩ তারিখের মধ্যে চূড়ান্তকৃত উদ্ভাবনী ধারণা/ ধারণাসমূহের সফলভাবে বাস্তবায়ন এবং পরবর্তীতে এ সংক্রান্ত প্রমাণাদি মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। তারই ধারাবাহিকতা রক্ষার স্বার্থে অত্র ব্যাংকের ইনোভেশন কমিটির ৫ম সভার সুপারিশ ও তৎপ্রেক্ষিতে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে AVUB Archival System এর পাইলটিং আগামী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে সম্পাদনের জন্য প্রধান কার্যালয় এর সকল বিভাগসমূহকে নির্বাচন করা হলো।

৩। এমতাবস্থায় বর্ণিত পাইলটিং কাজকে সফল ও অর্থবহ করার লক্ষ্যে আপনার বিভাগের প্রকাশযোগ্য সকল সার্কুলার, অফিস আদেশ, পত্রাদি ও অন্যান্য গুরুত্বপূর্ণ নথিসমূহ Archival System-এ সংরক্ষণের নিমিত্তে আইসিটি বিভাগ বরাবর সফটকপি ও হার্ডকপি আকারে আগামী ১৮-০৪-২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

(মোহাম্মদ হাসান মাহমুদ)

সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ  
ও সদস্য, ইনোভেশন টিম

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

- ১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (কেন্দ্রীয় হিসাব ও নিরীক্ষা এবং অপারেশন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। নথি / মহানথি